বর্ধমান বিশ্ববিদ্যালয়
রাজবাটী, বর্ধমান
= বিজ্ঞপ্তি =

প্রজ্ঞাপণ সংখ্যা:-আর-সি/ পার্ম/ এডমি/ ১ তারিখ:- ০৭.০৬.১৮

মাননীয়/ মাননীয়া,
অধ্যক্ষ/ অধ্যক্ষা/ ভারপ্রাপ্ত অধ্যক্ষ/ ভারপ্রাপ্ত অধ্যক্ষা
বর্ধমান বিশ্ববিদ্যালয় অনুমোদিত সমস্ত কলেজ সমূহ ।

২০১৮-১৯ শিক্ষা বর্ষে স্নাতক স্তরে প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ভর্তি সংক্রান্ত নিয়মাবলী ।

এতদ্বারা সকলকে জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ে স্নাতকস্তরে ভর্তির নিয়ম (U.Ord-3) ধারায় উল্লিখিত উচ্চমাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশের দিন থেকে ০৭ দিনের মধ্যে ভর্তি প্রক্রিয়া শুরু এবং ৬০ দিনের মধ্যে ভর্তির প্রক্রিয়া সম্পন্ন করতে হবে এবং অতি অবশ্যই ১৬.০৭.১৮ তারিখের মধ্যে প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ক্লাস শুরু করতে হবে এবং বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত **Intake capacity** -এর বাহিরে ভর্তি করা যাবে না , এছাড়া ভর্তি সংক্রান্ত নিম্নলিখিত নির্দেশাবলী অনুসরন করতে বলা হচ্ছে ।

১) সরকারি নির্দেশ(G.O.No. 411-Edn (CS)/10M-16/11 Dated-02.06.2011) অনুযায়ী প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বিষয় অনুযায়ী (**subject wise**) মেধা তালিকা সংশ্লিষ্ট কলেজের ওয়েবসাইটে প্রকাশ (**upload**) করতে হবে এবং ভর্তি ও সংরক্ষণ সংক্রান্ত রাজ্য সরকার কর্তৃক সকল আদেশনামা / বিজ্ঞপ্তি এবং G.O. এক্ষেত্রে প্রযোজ্য হবে ।

২) যে সব ছাত্রছাত্রী ২০১৫ / ২০১৬ / ২০১৭ / ২০১৮ সালে কোন স্বীকৃত কাউন্সিল বা বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক (১০+২) বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা কলেজে প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ভর্তির প্রক্রিয়ায় অংশ গ্রহন করতে পারবে । এই বিশ্ববিদ্যালয় দ্বারা অনুমোদিত স্বীকৃত কাউন্সিল / বোর্ড / বিশ্ববিদ্যালয়ের পূর্ণাঙ্গ তালিকা এই বিজ্ঞপনের সঙ্গে দেওয়া হল ।

৩) যে সকল ছাত্র ছাত্রী স্নাতক স্তরে প্রথম বর্ষে ভর্তি হয়েছিল এবং বিশ্ববিদ্যালয়ে Registration করিয়েছে কিন্তু পরীক্ষার ফর্ম ফিলাপ করেনি, যদি তারা ২-নং অনুচ্ছেদে উল্লিখিত নিয়মানুযায়ী যোগ্য বলে বিবেচিত হয় তবে তারা বিশ্ববিদ্যালয়ের ভর্তির নিয়মানুযায়ী এই বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত যে কোন কলেজে Intake capacity-এর মধ্যে মেধা তালিকায় স্থান পেলে যে কোন কোর্সে পুনরায় নতুন ভাবে (Re-Admission নয়) স্নাতক স্তরে প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ভর্তি হতে পারবে। কিন্তু তারা একই কলেজে সর্বাধিক দু বার ভর্তির সুযোগ পাবে, এক্ষেত্রে তাদের আর নতুন করে Registration করতে হবে না, আগের Registration টি বহাল থাকবে শুধু মাত্র তাদের Enrolment form পূরণ করতে হবে এবং Enrolment form পূরণ করার সময় উক্ত ছাত্রছাত্রীদের নিকট থেকে এই রূপ ভর্তির নির্দিষ্ট কারন দেখিয়ে Self Declaration নিতে হবে।

৪) যে সকল ছাত্র ছাত্রী প্রথম সেমিস্টারে কলেজে Internal Assessment দেয়নি কিন্তু University Registration Form এবং Examination Form পূরণ করছে, UG-Reg. (CBCS-7) অনুযায়ী তাদের পরীক্ষার রেজাল্ট মূল্যায়ণ পর্বে অগ্রগতি হবে না । এক্ষেত্রে তাদেরকে ৩-নং অনুচ্ছেদে উল্লিখিত নিয়মানুসারে Fresh Admission নিতে হবে ।

৫) স্নাতক স্তরে জেনারেল কোর্সে প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ভর্তির জন্য উচ্চমাধ্যমিক বা সমতূল্য পরীক্ষায় পরিবেশ বিদ্যা বাদে পাঁচটি বিষয়ে সর্বচ্চ প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে মেধা তালিকা তৈরী করতে হবে ।

৬) সাম্মানিক কোর্সে ভর্তির জন্য মেধা তালিকা (পরিবেশ বিদ্যা বাদ দিয়ে) তৈরী হবে কলেজ কর্তৃপক্ষের নির্ধারিত নিয়মানুসারে। সাম্মানিক কোর্সে ভর্তি হওয়ার জন্য উচ্চমাধ্যমিক (১০+২) সমতুল্য পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের কমপক্ষে ৪৫% নম্বর প্রয়োজন, মিউজিক এবং সাঁওতালি বিষয়ের ক্ষেত্রে কমপক্ষে ৪০% নম্বর প্রয়োজন।

৭) যে সমস্ত ছাত্রছাত্রী উচ্চমাধ্যমিক (১০+২) বা সমতুল্য পরীক্ষায় কমপক্ষে ৫টি বিষয়ে (প্রতিটি বিষয়ের পূর্ণ মান ১০০ নম্বর) মোট ৫০০ নম্বর পরীক্ষায় ইংরাজি এবং অন্য যে কোন একটি ভাষা এবং অন্য যে কোন তিনটি প্রথা গত বিষয় নিয়ে যে কোন স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে পাশ করেছে তারা স্নাতক স্তরে প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ভর্তি হতে পারবে। -অথবা-

যে সমস্ত ছাত্রছাত্রী উচ্চমাধ্যমিক (১০+২) বা সমতুল্য পরীক্ষায় কমপক্ষে ৪টি বিষয়ে (প্রতিটি বিষয়ের পূর্ণ মান ১০০ নম্বর) মোট ৪০০ নম্বর পরীক্ষায় ইংরাজি বা অন্য যে কোন একটি ভাষার মধ্যে যে কোন একটি বিষয় এবং অন্য যে কোন তিনটি প্রথাগত বিষয় নিয়ে যে কোন স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে পাশ করেছে তারা স্নাতক স্তরে প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ভর্তি হতে পারবে।

৮) রাজ্য স্তরে খেলোয়াররা স্পোর্টস কোটায় সাম্মানিক কোর্সে প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ভর্তির জন্য বিবেচিত হবে, যদি উচ্চ মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় পাশ মার্কস সহ স্বীকৃত খেলার উপযুক্ত প্রমান পত্র থাকে। জেলা স্তরের খেলোয়াররা স্পোর্টস কোটায় জেনারেল কোর্সে প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ভর্তির জন্য বিবেচিত হবে, যদি উচ্চ মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় পাশ মার্কস সহ স্বীকৃত খেলার উপযুক্ত প্রমান পত্র থাকে।

৯) যে সমস্ত ছাত্র ছাত্রী (১০+২) সমতুল্য **Vocational Engineering & Technology** (অঙ্কে পাশ মার্কস সহ) পরীক্ষায় পাশ করেছে তারা BCA (Hons.) কোর্সে ভর্তির পরীক্ষায় বসার জন্য বিবেচিত হবে, এছাড়া তারা **Computer Science (Hons.)** এবং জেনারেল কোর্সে **Pure Science or Arts** বিভাগে প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ভর্তি হওয়ার যোগ্য, আর যারা উপরিউক্ত পরীক্ষায় অঙ্ক বিষয় ছাড়া পাশ করেছে বা অঙ্ক বিষয়ে পাশ মার্কস নেই তারা কেবল মাত্র জেনারেল কোর্সে **Arts** বিভাগে এবং **Five years Law** কোর্সে ভর্তি হওয়ার যোগ্য বলে বিবেচিত হবে।

১০) যে সমস্ত ছাত্র ছাত্রী (১০+২) সমতুল্য **Vocational Agriculture** নিয়ে পাশ করেছে তারা জেনারেল কোর্সে **Science or Arts** বিভাগে ভর্তি হওয়ার যোগ্য বলে বিবেচিত হবে।

১১) যে সমস্ত ছাত্র ছাত্রী (১০+২) সমতুল্য **Vocational Bussiness & Commerce** নিয়ে পাশ করেছে তারা জেনারেল কোর্সে **Commerce or Arts or Five years Law** এবং **Commerce (Hons.)** বিভাগে ভর্তি হওয়ার যোগ্য বলে বিবেচিত হবে, এছাড়াও তারা BBA (H) কোর্সে ভর্তি হওয়ার পরীক্ষায় বসার যোগ্য, এক্ষেত্রে অবশ্যই তাদের **Bussiness Math. & Statistics** বিষয়ে পাশ মার্কস থাকতে হবে।

১২) যে সমস্ত ছাত্র ছাত্রী (১০+২) সমতুল্য **Vocational Home Science** নিয়ে পাশ করেছে তারা কেবল মাত্র জেনারেল কোর্সে **Arts** বিভাগে ভর্তি হওয়ার যোগ্য বলে বিবেচিত হবে।

১৩) যে সমস্ত ছাত্র ছাত্রী উপরিউক্ত **Vocational** কোর্স নিয়ে পাশ করেছে তারা সংশ্লিষ্ট কলেজে বিষয় ভিত্তিক মোট আসন সংখ্যার মধ্যে সর্ব্বাধিক ১০% আসনে সর্বোচ্চ প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ভর্তির সুযোগ পাবে, এক্ষেত্রে তাদের সাধারন বোর্ড থেকে পাশ করে সুযোগ পাওয়া তালিকার সর্বনিম্ন প্রার্থীর থেকে অধিক নম্বর পেতে হবে।

১৪) যে সব ছাত্রছাত্রী বিদেশি বিশ্ববিদ্যালয়/ বোর্ড থেকে ডিগ্রি/ (১০+২) সমতুল্য পরীক্ষায় পাশ করেছে তারা এই বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত যে কোন কলেজে স্নাতক কোর্সে মোট আসন সংখ্যার মধ্যে মাত্র ৫% আসনে ভর্তি হওয়ার সুযোগ পাবে । উল্লেখ্য, যে সব ছাত্রছাত্রী ভারতীয় কোন বোর্ড থেকে পাশ করে সর্বনিম্ন নম্বর পেয়ে প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ভর্তি হওয়ার সুযোগ পেয়েছে তাদের থেকে অপেক্ষাকৃত কম নম্বর পাওয়া বিদেশি বোর্ডের ছাত্রছাত্রী প্রথম বর্ষে ভর্তি হওয়ার সুযোগ পাবে না ।

১৫) যে সকল ছাত্রছাত্রী Cambridge University থেকে CIE পরীক্ষায় পাশ করেছে তারা এই বিশ্ববিদ্যালয়ের অনুমদিত যে কোন কলেজে প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ভর্তি হওয়ার যোগ্য, এক্ষেত্রে অবশ্যই তাকে কম পক্ষে 'O' Level থেকে তিনটি বিষয়ে এবং 'A' Level থেকে দুটি বিষয়ে পাশ করতে হবে । উপরিউক্ত দুটি লেভেলের মধ্যে কোন একটি লেভেলে ইংরাজি বিষয় থাকা বাধ্যতামূলক ।

১৬) প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ক্লাস শুরু হওয়ার এক-মাসের মধ্যে যদি কোন ছাত্রছাত্রী কোন বিষয় / ধারা পরিবর্তন করার জন্য আবেদন করে, কলেজ কর্তৃপক্ষ উক্ত বিষয় বা ধারা পরিবর্তন করতে পারবেন, Registration-Cum-Enrolment Form fillup- এর পূর্বে।

১৭) On-line Admission-এর software-এ Burdwan University-এর Registration-Cum-Enrolment Form-এর নির্ধারিত field গুলি থাকা আবশ্যক এবং Excel format-এ out put নিয়ে রাখতে হবে

১৮) On-line Registration শুরু হয়ার আগে নির্দিষ্ট সময়ের মধ্যে রেজিস্ট্রেশন ফর্মের নিদিষ্ট কলমগুলি পূরন করে E-mail-এর মাধ্যমে (Registration @ buruniv.ac.in) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন শাখায় পাঠাতে হবে, সেখানে Edit-option দেওয়া থাকবে, রেজিস্ট্রেশন ফর্মের নির্দিষ্ট কলমে কোন ভুল থাকলে On-line Registration চলাকালীন সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ সেই ভুল সংশোধন করতে পারবে এবং উক্ত সময়ের মধ্যে ছাত্রছাত্রীদের বিস্তারিত বিবরন, ফোটো এবং স্বাক্ষর upload করতে হবে ।

স্বাঃ-অধ্যাপক রমেনকুমার সর
কর্মাধ্যক্ষ

প্রজ্ঞাপন সংখ্যা:- আর.-সি/ পার্ম/ এড মি/ ১ (১০০) / ১ তারিখ:- ০৭.০৬.১৮

জ্ঞাতব্য তথ্য ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রতি লিপি প্রেরিত হল:-

১) মাননীয়/ মাননীয়া- অধ্যক্ষ/ ভারপ্রাপ্ত অধ্যক্ষ
বর্ধমান বিশ্ববিদ্যালয় অনুমোদিত সমস্ত কলেজ ।
২) পরীক্ষা নিয়ামক, বর্ধমান বিশ্ববিদ্যালয়।
৩) অর্থ সচিব, বর্ধমান বিশ্ববিদ্যালয় ।
৪) কলেজ পরিদর্শক, বর্ধমান বিশ্ববিদ্যালয় ।
৫) সকল আধিকারিক বৃন্দ, বর্ধমান বিশ্ববিদ্যালয় ।
৬) পি.এ. উপাচার্য , বর্ধমান বিশ্ববিদ্যালয় ।
৭) পি.এ. সহ উপাচার্য , বর্ধমান বিশ্ববিদ্যালয় ।
৮) পি.এ. কর্মসচিব , বর্ধমান বিশ্ববিদ্যালয়
৯) এস..এস. অনুমতি বিভাগ, বর্ধমান বিশ্ববিদ্যালয় ।
১০) জে.এস. রেজিস্ট্রেশন ও মাইগ্রেশন বিভাগ, বর্ধমান বিশ্ববিদ্যালয় ।
১১) সিস্টেম ম্যানেজার,বর্ধমান বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সেন্টার ,এই বিজ্ঞাপনটি বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে ।

রমেনকুমার সর
কর্মাধ্যক্ষ ৭.৬.২০১৮